

# **া** সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২১২

২২/ সাওম [রোযা] (১যা০ الصيام)

পরিচ্ছেদঃ ৩৯/ এ হাদীস বর্ণনায় ইয়াহইয়া ইবন আবু কাসীর ও নাযর ইবন শায়বান (রহঃ) এর বর্ণনার পার্থক্যের উল্লেখ

باب ذِكْرِ اخْتِلاَفِ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ وَالنَّصْرْ بْنِ شَيْبَانَ فِيهِ

#### আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ حَدَّثَنَا الْفَصْلُ بْنُ دُكَيْنِ، قَالَ حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيّ، قَالَ حَدَّثَنِي النَّصْرُ بْنُ شَيْبَانَ، أَنَّهُ لَقِيَ أَبَا سَلَمَةَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ فَقَالَ لَهُ حَدَّثِنِي بِأَفْضَلَ، عَدْ الرَّحْمَنِ فَقَالَ لَهُ حَدَّثِنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ، شَيْءٍ سَمِعْتَهُ يُذْكَرُ، فِي شَهْرِ رَمَضَانَ . فَقَالَ أَبُو سَلَمَةَ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ، عَنْ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم أَنَّهُ ذَكَرَ شَهْرَ رَمَضَانَ فَفَضَلَهُ عَلَى الشَّهُورِ وَقَالَ " مَنْ قَامَ رَمَضَانَ إِيمَانًا وَاحْتِسَابًا خَرَجَ مِنْ ذُنُوبِهِ كَيَوْمِ وَلَدَتْهُ أُمُّهُ " . قَالَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ هَذَا خَطَأُ وَالصَوَّابُ أَبُو سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةً .

#### বাংলা

২২১২। ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ... নযর ইবনু শায়বান (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি আবূ সালামা ইবনু আব্দুর রহমান (রহঃ)-এর সাথে সাক্ষাৎ করে তাঁকে বললেন, আপনি রমযান মাস সম্পর্কে উত্তম যা কিছু আলোচনা শুনেছেন তা আমার কাছে বর্ণনা করুন। তখন আবূ সালামা (রহঃ) বললেন যে, আব্দুর রহমান ইবনু আউফ (রাঃ) আমার কাছে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম রমযান মাসের আলোচনা করলেন এবং রমযান মাসকে সকল মাসের উপর মর্যাদা দান করে বললেনঃ যে ব্যক্তি আল্লাহ তা'আলার উপর দৃঢ় বিশ্বাস রেখে সওয়াবের নিয়তে তারাবীহর সালাত (নামায/নামাজ) আদায় করে, সে স্বীয় গুনাহসমূহ থেকে ঐ দিনের মত পবিত্র হয়ে যায় যে দিন তার মাতা তাকে প্রসব করেছিল।

## **English**

An-Nadr bin Shaiban narrated that he met Abu Salamah bin 'Abdur-Rahman and said to him:

"Tell me of the best thing you heard about the month of Ramadan." Abu Salamah said: "Abdur-Rahman bin 'Awf told me that the Messenger of Allah



mentioned Ramadan and said that it is superior to other months, and he said: 'Whoever spends the nights of Ramadan in prayer (Qiyam) out of faith and in the hope of reward, he will emerge from his sins as on the day his mother bore him."'(Daif) Abu 'Abdur-Rahman (An-Nasai) said: This is a mistake, and what is correct is "Abu Salamah, from Abu Hurairah."

### ফুটনোট

[যঈফ। আত-তালীকুর রাগীব ২/৭**৩**]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন